

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৬.০১১.১১.১৮.০২৩.২০১৬-২৬৩ তারিখ ঃ ২৮.০৮.২০১৯

বিষয়ঃ **১ম শ্রেণির পদে "জুনিয়র বেতার কর্মকর্তা" এবং ২য় শ্রেণির "ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার" পদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ এবং মূল আবেদনপত্র [BPSC Form-3] জমাদান।**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ০৯.০৯.২০১৮ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি, চট্টগ্রাম এর **"জুনিয়র বেতার কর্মকর্তা"** ১ম শ্রেণির পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষা গত ২৮.০৩.২০১৯ তারিখ অনুষ্ঠিত হয় এবং ২০.০২.২০১৭ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের **"ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার"** ২য় শ্রেণির পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষা গত ২৫.১০.২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত পদসমূহের জন্য গৃহীত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর নিম্নে উল্লেখ করা হলো। প্রকাশিত ফলাফল কোনো উল্লেখযোগ্য [Substantive] কারণে সংশোধনের প্রয়োজন হলে কর্ম কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২. লিখিত পরীক্ষায় সাময়িকভাবে **[Provisionally]** উত্তীর্ণ প্রার্থীদের রেজিঃ নম্বরসমূহ ঃ

ক. নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি, চট্টগ্রাম এর **"জুনিয়র বেতার কর্মকর্তা"** ঃ
রেজিঃ নম্বর - 000053 Total = 1 জন।

খ. পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের **"ডাটা এন্ট্রি /কন্ট্রোল সুপারভাইজার"** ঃ
রেজিঃ নম্বর - 000002 000007 000015 000026 000034 000037 000044 000059 000062 000064 000077 000094 000165 Total = 13 জন।

৩. উক্ত লিখিত পরীক্ষার ফলাফল কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র [BPSC Form-3] কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদ [প্রযোজ্য ক্ষেত্রে], জাতীয়পরিচয়পত্র এবং নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি [প্রযোজ্য ক্ষেত্রে], Applicant`s Copy, প্রবেশপত্রের কপিসহ অবশ্যই জমা দিতে হবে। উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট এর উপর প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পূরণকৃত [BPSC Form -3] **আগামী ০১.০৯.২০১৯ তারিখ হতে ১৯.০৯.২০১৯ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এ পরিচালক, ইউনিট-৬ এর দপ্তরে অফিস চলাকালীন সময় হাতে হাতে অথবা ডাকযোগে জমা প্রদান করতে হবে।** উল্লেখ্য ডাকযোগে প্রেরিত আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে না পাওয়া গেলে এবং [BPSC Form -3] জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ থাকবে না এবং এ জাতীয় প্রার্থীদের প্রার্থিতা বাতিল বলে বিবেচিত হবে।

৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি এবং অন্যান্য তথ্যাবলি পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এবং জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

৬. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বর্ণিত কোনো শর্তে গুরুতর [Substantive] ত্রুটি বা ঘাটতি পাওয়া গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যেকোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮/৮/১৯

[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]

অপর পৃষ্ঠা-২